প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)-এ, শিক্ষার্থীর গোপনীয়তা একটি সর্বোচ্চ অগ্রাধিকার। সেটার অর্থ হলো সংশ্লিষ্ট ক্ষেত্রের মানদণ্ড ও সেরা ব্যবস্থা ব্যবহার করে শিক্ষার্থীর উপাত্তের নিরাপত্তা ব্যবস্থা  করা, শিক্ষার্থীর তথ্য পরিচালনা করার সময় তাদের দায়িত্ব সম্পর্কে আমাদের স্টাফ সদস্যদেরকে প্রশিক্ষণ দেয়া, এবং আমাদের উপাত্তের গোপনীয়তা ও সুরক্ষার সামঞ্জস্যবিধান প্রক্রিয়া সম্পন্ন করার জন্য তৃতীয় পক্ষ ভেন্ডরদেরকে আবশ্যক করা। এর আরও অর্থ হলো আমাদের শিক্ষার্থী ও পরিবারদেরকে তাদের গোপনীয়তার অধিকারসমূহ সম্পর্কে জানানো।

আপনাকে জ্ঞাত থাকতে সাহায্য করার জন্য, আমরা আপনার অধিকারসমূহ ও কীভাবে আমরা শিক্ষার্থীর তথ্যের নিরাপত্তা ব্যবস্থা করি সেসম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য সহ একটি গোপনীয়তার প্যাকেট শেয়ার করছি। এই প্যাকেটটি সম্প্রতি হালনাগাদকৃত চ্যান্সেলরের প্রবিধান A-820 সহ, ফেডারেল, স্টেট, ও স্থানীয় গোপনীয়তা আইনের অধীনে আপনার অধিকারসমূহ ব্যাখ্যা করে। প্যাকেটে অন্তর্ভুক্ত আছে:

- **গোপনীয়তার অধিকার 101:** একটি এক-পৃষ্ঠার ফ্লায়ার যা আপনার নয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ গোপনীয়তার অধিকারের সার-সংক্ষেপ প্রদান করে।
- **বার্ষিক FERPA নোটিস:** পরিবারের শিক্ষাগত অধিকার এবং গোপনীয়তা বিষয়ক আইন (ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট, FERPA)-এর অধীনে আপনার অধিকারসমূহ ব্যাখ্যা করে, যার মধ্যে অন্তর্ভুক্ত আপনার সন্তানের রেকর্ড পাওয়ার জন্য আপনার অধিকার এবং সেই তথ্য গোপন রাখার জন্য আপনার অধিকার।
- **বার্ষিক PPRA নোটিস:** শিক্ষার্থীর অধিকার সুরক্ষা সংক্রান্ত সংশোধনী (প্রোটেকশন অভ পিউপল রাইটস্ অ্যামেন্ডমেন্ট, PPRA)-এর অধীনে আপনার অধিকারসমূহের রূপরেখা প্রদান করে, বিশেষ করে শিক্ষার্থীদের কাছ থেকে সংগৃহীত জরিপ ও তথ্য বিষয়ে।
- **উপাত্তের গোপনীয়তা এবং সুরক্ষার জন্য পিতামাতাদের অধিকারের সনদ (প্যারেন্টস বিল অভ রাইটস ফর ড্যাটা প্রাইভেসি অ্যান্ড সিকিউরিটি):** কীভাবে শিক্ষার্থীর উপাত্ত আইন দ্বারা সুরক্ষিত থাকে তা এবং শিক্ষার্থীর উপাত্ত নিরাপদ ও সুরক্ষিত রাখার জন্য NYCPS ও এর অংশীদারদের দায়িত্বসমূহের বর্ণনা করে।

আমাদের লক্ষ্য হলো এটা নিশ্চিত করা যেন আপনি জ্ঞাত, ক্ষমতায়িত, এবং আত্মবিশ্বাসী বোধ করেন যে আপনার সন্তানের তথ্য যত্ন ও সম্মানের সাথে পরিচালনা করা হয়। আমরা আপনাকে এসব উপকরণ পর্যালোচনা করতে এবং আরও তথ্যের জন্য schools.nyc.gov/StudentPrivacy দেখতে উৎসাহ দিই। এছাড়াও কোনও প্রশ্ন থাকলে, আপনি studentprivacy@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারেন।

আন্তরিকভাবে,

Dennis Doyle

ডেনিস ডয়েল (Dennis Doyle)
চিফ প্রাইভেসি অফিস
অফিস অভ জেনারেল কাউন্সেল
নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্

# গোপনীয়তার অধিকার 101

**নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)** আপনার সন্তান সম্পর্কিত তথ্যের গোপনীয়তার গুরুত্ব দেয়। শিক্ষার্থীর তথ্যের গোপনীয়তার অর্থ হলো আপনার শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য, শিক্ষায়তনিক রেকর্ড, এবং অন্যান্য সংবেদনশীল তথ্য নিরাপদ এবং সুরক্ষিত রাখা।

একজন NYCPS পিতামাতা অথবা অভিভাবক হিসেবে, আপনার বিভিন্ন গুরুত্বপূর্ণ অধিকার রয়েছে যা আপনার সন্তানের ব্যক্তিগত এবং শিক্ষাগত তথ্য সুরক্ষিত রাখতে সহায়তা করে।

---

## আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ নয়টি গোপনীয়তার অধিকার এখানে দেয়া হলো:

**তথ্য দেখার অধিকার**
আপনি আপনার সন্তানের বিভিন্ন শিক্ষাগত রেকর্ড পর্যালোচনা করতে পারেন, যেমন তার গ্রেড, উপস্থিতি, শৃঙ্খলামূলক পদক্ষেপ সংক্রান্ত রিপোর্ট, এবং ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)।

**রেকর্ড সংশোধন করার অধিকার**
যদি আপনি বিশ্বাস করেন যে আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডে তথ্য অসঠিক আছে অথবা গোপনীয়তা লঙ্ঘন হয়েছে, তবে তা সংশোধন করতে অনুরোধ করতে পারেন।

**তথ্য প্রকাশে অসম্মতি প্রকাশের অধিকার**
আপনার সন্তানের তথ্য শেয়ার করার আগে NYCPS-কে আপনার লিখিত সম্মতি নিতে হবে। এতে কিছু ব্যতিক্রম আছে, যেমন ডিরেক্টরি তথ্য এবং স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক জরুরি পরিস্থিতি।

**তথ্য সুরক্ষার অধিকার**
আপনার সন্তানের তথ্য পাঠানো এবং সংরক্ষণের সময় সুরক্ষিত রাখা।

**আপনার উপাত্ত বা ড্যাটা বিক্রয় না হবার অধিকার**
আপনার সন্তানের তথ্য বিক্রয় করা অথবা বাণিজ্যিক উদ্দেশ্যে বিক্রয় কিংবা ব্যবহার করা যাবে না।

**উপাত্ত বা ড্যাটার তথ্য ফাঁস হয়ে গেলে অবহিত হবার অধিকার**
কোনও উপাত্ত বা ড্যাটা ফাঁস হবার কারণে আপনার সন্তানের তথ্য উন্মোচিত হয়ে গেলে অথবা সেটা গ্রহণের অনুমতি নেই এমন কারও সাথে শেয়ার করা হলে NYCPS আপনাকে অবহিত করবে।

**শিক্ষার্থীর জরিপসমূহ সম্পর্কে জানার অধিকার**
আপনার সন্তান বিভিন্ন সংবেদনশীল বিষয় সম্পর্কিত জরিপ এবং পরীক্ষায় অংশগ্রহণ করবে কিনা তা বেছে নেয়ার অধিকার আপনার আছে।

**আপনার অধিকারসমূহ সম্পর্কে অবহিত হবার অধিকার**
প্রত্যেক শিক্ষা বছরের শুরুতে, ফেডারেল, স্টেট, এবং স্থানীয় আইন ও প্রবিধানের অধীনে আপনার গোপনীয়তার অধিকার সম্পর্কে আপনাকে অবহিত করা হবে।

**অভিযোগ দায়ের করার অধিকার**
আপনার সন্তানের তথ্যের সম্ভাব্য অপব্যবহার সম্পর্কে আপনি NYCPS, NYS এডুকেশন ডিপার্টমেন্ট, অথবা US ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কাছে অভিযোগ দায়ের করতে পারেন।

আরো তথ্যের জন্য, দেখুন: **schools.nyc.gov/StudentPrivacy**

NYC Public Schools

# 2025-26 শিক্ষা বছরের জন্য বার্ষিক FERPA বিজ্ঞপ্তি

**ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA)** হলো একটি ফেডারেল আইন যা পিতামাতা ও শিক্ষার্থীদেরকে শিক্ষার্থীদের শিক্ষাগত রেকর্ড ও সেসব রেকর্ডে ব্যক্তিগতভাবে শনাক্তকারী তথ্য (PII) প্রসঙ্গে কিছু অধিকার প্রদান করে। আপনি যদি একজন শিক্ষার্থী হন যার বয়স 18 বা বেশি (উপযুক্ত শিক্ষার্থী হিসেবেও পরিচিত), সেসব অধিকার আপনার ক্ষেত্রে প্রযোজ্য। আপনার বয়স 18 বছরের কম হলে, এসব অধিকার আপনার পিতামাতার ক্ষেত্রে প্রযোজ্য।

সংক্ষিপ্তভাবে FERPA আপনাকে এসব অধিকার দেয়:

1. **45 দিনের মধ্যে শিক্ষাগত রেকর্ড পরিদর্শন ও পর্যালোচনা করার অধিকার দেয়।**

   শিক্ষা সংক্রান্ত রেকর্ডের জন্য আপনার প্রিন্সিপালের কাছে একটি লিখিত অনুরোধ (শিক্ষার্থীর রেকর্ডের জন্য অনুরোধের ফর্ম অনলাইন)-এ লভ্য) জমা দিতে হবে। আপনার পরিচয় যাচাই করা এবং অনুরোধকৃত রেকর্ড পাওয়ার জন্য অনুমোদনের পর, NYCPS হয় অনুরোধকৃত রেকর্ডের একটি কপি প্রদান করবে অথবা অনুরোধকৃত রেকর্ডগুলো আপনার পর্যালোচনার জন্য একটি সময় ও স্থানের ব্যবস্থা করবে।

2. **সন্তানের শিক্ষাগত রেকর্ড ভুল, বিভ্রান্তিকর, অথবা FERPA অনুযায়ী শিক্ষার্থীর গোপনীয়তার অধিকার খর্বকারী বলে আপনি বিশ্বাস করলে তা পরিবর্তনের অনুরোধ করুন।**

   আপনি যেসব রেকর্ডে পরিবর্তন চান, আপনি কেন বিশ্বাস করেন যে সেসব তথ্য বর্তমানে অশুদ্ধ, বিভ্রান্তিকর, অথবা শিক্ষার্থীর গোপনীয়তার অধিকার খর্ব করে, এবং আপনি যেসব পরিবর্তনের প্রস্তাব করেন, সেসব ব্যাখ্যা করে প্রিন্সিপালের কাছে আপনাকে (ইমেইল গ্রহণযোগ্য) অনুরোধ জমা দিতে হবে। যদি NYCPS অনুরোধ অনুযায়ী শিক্ষা সংক্রান্ত রেকর্ড সংশোধন না করার সিদ্ধান্ত নেয়, তাহলে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা ও একটি শুনানির জন্য অনুরোধ করা সম্পর্কিত তথ্য লাভ করবেন।

3. **শিক্ষার্থীর শিক্ষাগত রেকর্ডে ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য (PII) প্রকাশ করার আগে লিখিত অনুমতি প্রদান করা আবশ্যক।**

   তবে, কিছু কিছু ক্ষেত্রে FERPA পিতামাতার সম্মতি ছাড়াই প্রকাশ করার অনুমতি দেয়। শিক্ষার্থীর PII যেসব ক্ষেত্রে সম্মতি ছাড়া প্রকাশ করা যাবে, তার উদাহরণ:

   - স্কুল কর্মীদের কাছে যাদের তথ্য সম্পর্কে বৈধ শিক্ষাবিষয়ক আগ্রহ রয়েছে।
   - যে ক্ষেত্রে শিক্ষার্থী অন্য স্কুল, ডিস্ট্রিক্ট, বা শিক্ষা প্রতিষ্ঠানে এনরোল হয় বা বদলি হয়।
   - স্বীকৃত সরকারি কর্মকর্তাদের কাছে নিরীক্ষা বা মূল্যায়নের জন্য।
   - শিক্ষার্থীর আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।
   - NYCPS-এর দ্বারা বা পক্ষে প্রতিষ্ঠানগুলো সম্পর্কে গবেষণা পরিচালনার জন্য।
   - 18 এবং অধিক বয়স্ক শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে যদি শিক্ষার্থী ইন্টারন্যাল রেভিনিউ সার্ভিস (IRS)-এর কাছে ট্যাক্স-সংক্রান্ত বিষয়ে নির্ভরশীল হয়।
   - আদালতের হুকুম বা আইনগতভাবে জারিকৃত সপিনা মেনে চলার জন্য।
   - জরুরী স্বাস্থ্য ও নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রে উপযুক্ত কর্মকর্তার কাছে।

- যখন NYCPS নির্দিষ্ট ধরনের PII-কে "ডিরেক্টরি তথ্য" হিসেবে নির্ধারণ করে। NYCPS-এর নিয়ম আছে যা কোন ধরনের তথ্য ডিরেক্টরি তথ্য হিসেবে নির্ধারিত হতে পারে এবং কে সে তথ্য লাভ করতে পারবে, সেসবসহ তথ্য প্রকাশ করাকে সীমিত করে। আপনার অধিকার আছে ডিরেক্টরি তথ্য হিসেবে শিক্ষার্থীর PII প্রকাশ করা থেকে নাম প্রত্যাহার করার।

4. **আপনি যদি বিশ্বাস করেন যে NYCPS ব্যর্থ হয়েছে FERPA-এর শর্ত মেনে চলতে, তাহলে আপনি ইউএস ডিপার্টমেন্ট অভ এডুকেশন বরাবরে অভিযোগ দায়ের করতে পারেন।** এখানে অভিযোগ পাঠানো যাবে:

   Student Privacy Policy Office
   U.S. Department of Education
   400 Maryland Avenue SW
   Washington, DC 20202-8520
   অথবা ইমেইলে FERPA.Complaints@ed.gov ঠিকানায়।

5. **FERPA-এর অধীনে আপনার নোটিশ পাওয়ার অধিকার।**

NYC Public Schools

# 2025-26 শিক্ষা বছরের জন্য বার্ষিক PPRA বিজ্ঞপ্তি

'শিক্ষার্থীদের অধিকার সুরক্ষা সংক্রান্ত সংশোধনী' (**প্রটেকশন অভ পিপল রাইটস্ অ্যামেন্ডমেন্ট,** PPRA)-এ পিতামাতা এবং 18 ও এর চেয়ে বেশি বয়সী শিক্ষার্থীদের বিভিন্ন জরিপে অংশগ্রহণ, বিক্রয়ের উদ্দেশ্যে তথ্য সংগ্রহ ও ব্যবহার, এবং কিছু কিছু শরীর পরীক্ষার (ফিজিক্যাল এক্সাম) ক্ষেত্রে কিছু নির্দিষ্ট অধিকার রয়েছে।

PPRA আপনাকে ও আপনার সন্তানকে উল্লেখিত অধিকারসমূহ প্রদান করে:

- যেকোনো বাধ্যতামূলক জরিপ, বিশ্লেষণ, অথবা নিম্নোক্তগুলোর ("সুরক্ষিত ক্ষেত্রসমূহ") সাথে সংশ্লিষ্ট তথ্য প্রকাশকারী মূল্যায়নে শিক্ষার্থীদের অংশগ্রহণের আগে লিখিত সম্মতি প্রদানের অধিকার:
    - শিক্ষার্থী অথবা তার পিতামাতার রাজনৈতিক সংশ্লিষ্টতা অথবা ধ্যান-ধারণা; অথবা
    - শিক্ষার্থী অথবা তার পিতামাতার মানসিক অথবা মনস্তাত্ত্বিক সমস্যাসমূহ;
    - যৌন আচরণ অথবা দৃষ্টিভঙ্গি;
    - অবৈধ, অসামাজিক, নিজেকে অপরাধে জড়িয়ে ফেলা, অথবা অবমাননাকর আচরণ;
    - উত্তরদাতাদের সাথে ঘনিষ্ঠ পারিবারিক সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিদের সমালোচনামূলক মূল্যায়ন;
    - আইনগতভাবে স্বীকৃত গোপনীয়তা রক্ষাকারী সম্পর্কসমূহ, যেমন আইনজীবি, ডাক্তার, অথবা পাদ্রি (মিনিস্টার);
    - শিক্ষার্থী অথবা তার পিতামাতার ধর্মী পালন, সংশ্লিষ্টতা অথবা ধ্যান-ধারণা; অথবা
    - প্রোগ্রামে যোগ্যতা নির্ধারণের জন্য আইন দ্বারা আবশ্যক ব্যতীত অন্য আয়।
- বিভিন্ন ঐচ্ছিক জরিপ, বিশ্লেষণ, অথবা মূল্যায়ন যা সুরক্ষিত বিষয়সমূহ সংক্রান্ত তথ্য প্রকাশ করে, সেগুলো সম্পর্কে বিজ্ঞপ্তি পাবার এবং সেগুলোতে আপনার সন্তানকে অংশগ্রহণ থেকে অব্যাহতি দেয়ার সুযোগ পাওয়ার অধিকার।
- আপনার সন্তানকে কোনো জরুরি নয় ও দেহভেদী শারীরিক পরীক্ষা বা স্ক্রিনিং, যা অংশগ্রহণের একটি শর্ত হিসেবে আবশ্যক, স্কুল দ্বারা পরিচালিত এবং আগে থেকেই সময়সূচিকৃত, এবং সর্বক্ষেত্রে শিক্ষার্থীকে অথবা অন্য শিক্ষার্থীদের তাৎক্ষণিক স্বাস্থ্য ও নিরাপত্তার সুরক্ষা দেয় না, সেগুলো সম্পর্কে বিজ্ঞপ্তি বা নোটিশ পাবার অধিকার এবং সেগুলোতে অংশগ্রহণ থেকে নাম প্রত্যাহারের সুযোগ।
- অনুরোধ সাপেক্ষে, নিম্নোক্তগুলো প্রদান কিংবা ব্যবহারের আগে সেগুলো দেখে নেয়ার অধিকার:
    - এমন কোনো জরিপ, যা উপরোল্লিখিত সুরক্ষিত বিষয়সমূহের সাথে সংশ্লিষ্ট তথ্য জিজ্ঞাসা করে; এবং
    - যেকোনো শিক্ষাগত পাঠ্যক্রমের অংশ হিসেবে ব্যবহৃত কোনো শিক্ষা-নির্দেশনামূলক উপকরণ।

PPRA-এর অধীনে শিক্ষার্থীর গোপনীয়তা সংক্রান্ত অতিরিক্ত তথ্য-সংস্থান যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্টুডেন্ট প্রাইভেসি পলিসি অফিসের https://studentprivacy.ed.gov ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

যেসব পিতামাতা বিশ্বাস করেন যে তাদের PPRA অধিকার লঙ্ঘিত হয়েছে, তারা https://studentprivacy.ed.gov/file-a-complaint -এ "PPRA complaint form" (অভিযোগের ফর্ম) বেছে নিয়ে অনলাইনে একটি অভিযোগ দায়ের করতে পারেন অথবা ফর্মটি নিম্নোক্ত ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন:

Student Privacy Policy Office<br>U.S. Department of Education<br>400 Maryland Avenue SW<br>Washington, D.C. 20202

# তথ্যের গোপনীয়তা এবং সুরক্ষার জন্য পিতামাতাদের অধিকারের সনদ (প্যারেন্টস বিল অভ রাইটস ফর ড্যাটা প্রাইভেসি অ্যান্ড সিকিউরিটি)

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) আপনার ও আপনার ছেলেমেয়েদের সম্পর্কে তথ্যের গোপনীয়তাকে গুরুত্বের সাথে গ্রহণ করে। কয়েকটি ফেডারেল ও স্টেট আইন ও প্রবিধান আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ড ও ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য (পার্সোনালি আইডেন্টিফায়েবল ইনফর্মেশন) বা "PII"-এর গোপনীয়তা রক্ষা করে।

কয়েকটি ফেডারেল আইন রয়েছে যেগুলো আপনার সন্তানের PII-কে সুরক্ষা দেয়, সেগুলোর মধ্যে অন্তর্ভুক্ত পরিবারের শিক্ষাগত অধিকার এবং গোপনীয়তা বিষয়ক আইন (ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট, FERPA), ছেলেমেয়েদের অনলাইনে গোপনীয়তার সুরক্ষা বিষয়ক আইন (চিলড্রেন্স অনলাইন প্রাইভেসি প্রোটেকশন অ্যাক্ট, COPPA), শিক্ষার্থীর অধিকারের সুরক্ষার সংশোধন (প্রোটেকশন অভ পিপল রাইটস্ অ্যামেন্ডমেন্ট, PPRA), এবং প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের শিক্ষা সংক্রান্ত আইন (ইনডিভিজুয়ালস্ উইথ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট, IDEA)।

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা আইন 2-d একটি স্টেট আইন যা আপনার সন্তানের তথ্যের গোপনীয়তা রক্ষা করে এবং দায়-দায়িত্ব NYCPS ও বাইরের পক্ষ যারা NYCPS-এর কাছ থেকে আপনার সন্তানের তথ্য লাভ করে তাদের উপর ন্যস্ত করে। চ্যান্সেলরের প্রবিধান A-820 একটি স্থানীয় প্রবিধান যা শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত রেকর্ড গোপন রাখার জন্য আপনার অধিকার ও NYCPS-এর দায়-দায়িত্বের রূপরেখা প্রদান করে।

এসব আইন ও প্রবিধানসমূহের অধীনে, শিক্ষা সংক্রান্ত রেকর্ড ও PII সম্পর্কে পিতামাতা এবং 18 বছর ও এর বেশি বয়সী শিক্ষার্থীদের নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে। NYCPS এবং NYCPS-এর কাছ থেকে আপনার সন্তানের তথ্য লাভ করা বাইরের সংগঠনগুলো কর্তৃক সংরক্ষিত শিক্ষা সংক্রান্ত রেকর্ড ও তথ্যে এসব অধিকার প্রয়োগ হয়:

- **বিক্রি হওয়া কিংবা কোনো বাণিজ্যিক বা বিপণনের উদ্দেশ্যে ব্যবহৃত হওয়া থেকে আপনার সন্তানের তথ্য সুরক্ষিত রাখার অধিকার।**

  NYCPS এবং NYCPS-এর কাছ থেকে যেসব বাইরের সংগঠন আপনার সন্তানের তথ্য লাভ করে, কারা বাণিজ্যিক, বিপণন বা বিজ্ঞাপনের উদ্দেশ্যে আপনার সন্তানের তথ্য বিক্রি বা ব্যবহার করতে পারবে না।

- **45 দিনের মধ্যে আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ড পরিদর্শন, ও পর্যালোচনা করার অধিকার।**

  শিক্ষা সংক্রান্ত রেকর্ডের জন্য আপনার প্রিন্সিপালের কাছে একটি লিখিত অনুরোধ (**শিক্ষার্থীর রেকর্ডের জন্য অনুরোধের ফর্ম** অনলাইন-এ লভ্য) জমা দিতে হবে। আপনার পরিচয় যাচাই করা এবং অনুরোধকৃত রেকর্ড পাওয়ার জন্য অনুমোদনের পর, NYCPS হয় অনুরোধকৃত রেকর্ডের একটি কপি প্রদান করবে অথবা সেগুলো আপনার পর্যালোচনার জন্য একটি সময় ও স্থানের ব্যবস্থা করবে।

- **যখন আপনি বিশ্বাস করেন আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ড অশুদ্ধ, বিভ্রান্তিকর, অথবা আপনার সন্তানের গোপনীয়তার অধিকার খর্ব করে তখন তা পরিবর্তনের অনুরোধ জানানোর অধিকার।**

  আপনি যেসব রেকর্ডে পরিবর্তন চান, আপনি কেন বিশ্বাস করেন যে সেসব তথ্য বর্তমানে অশুদ্ধ, বিভ্রান্তিকর, অথবা শিক্ষার্থীর গোপনীয়তার অধিকার খর্ব করে, এবং আপনি যেসব পরিবর্তনের প্রস্তাব করেন, সেসব ব্যাখ্যা করে প্রিন্সিপালের কাছে রেকর্ড সংশোধনের জন্য আপনার লিখিত (ইমেইল গ্রহণযোগ্য) অনুরোধ জমা দিতে হবে। যদি NYCPS অনুরোধ অনুযায়ী শিক্ষা সংক্রান্ত রেকর্ড সংশোধন না করার সিদ্ধান্ত নেয়, তাহলে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা ও একটি শুনানির জন্য অনুরোধ করা সম্পর্কিত তথ্য লাভ করবেন।

- **আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ডের PII প্রকাশ করার আগে লিখিত সম্মতি আবশ্যক হওয়ার অধিকার।**

  তবে, কিছু কিছু ক্ষেত্রে, আইন পিতামাতার সম্মতি ছাড়াই প্রকাশ করার অনুমতি দেয়। এসব ব্যতিক্রম সম্পর্কে তথ্যের জন্য, দেখুন: https://www.schools.nyc.gov/about-us/policies/data-privacy-and-security-policies।

- **স্থানান্তর ও সংরক্ষণ প্রক্রিয়ায় থাকাকালে আপনার সন্তানের তথ্য যেন সুরক্ষিত থাকে, সেই অধিকার।**

  NYCPS এবং বাইরের যে পক্ষগুলো আপনার সন্তানের তথ্য লাভ করে, তাদেরকে অবশ্যই উপাত্ত (ড্যাটা) সুরক্ষার জন্য এনক্রিপশন, ফায়ারওয়াল, ও পাসওয়ার্ড সুরক্ষা (প্রোটেকশন)-এর মতো নিরাপত্তা ব্যবস্থা (সেফগার্ড) ব্যবহার করতে হবে। এসব নিরাপত্তা ব্যবস্থার অবশ্যই সংশ্লিষ্ট ক্ষেত্রের (ইন্ডাস্ট্রির) মান পূরণ করতে হবে, যার মধ্যে রয়েছে ন্যাশন্যাল ইন্সটিটিউট ফর স্ট্যান্ডার্ডস্ অ্যান্ড টেকনোলোজি (NIST) ফ্রেমওয়ার্ক ফর ইম্প্রুভিং ক্রিটিকেল ইনফ্রাস্ট্রাকচার সাইবারসিকিউরিটি ভার্সন 2.0।

- **আপনার সন্তানের PII-এ একটি অনুপ্রবেশ অথবা এর অননুমোদিত প্রকাশ করা হলে সেবিষয়ে অবহিত হওয়ার অধিকার।**

  আমরা আপনার সন্তানের তথ্যে অনুপ্রবেশ অথবা অননুমোদিত প্রকাশের ঘটনা জানার পরবর্তী 60 দিনের মধ্যে NYCPS আপনাকে অবহিত করবে, যদি না কোনো আইন প্রয়োগকারী সংস্থার তদন্তে সেটা অন্তরায় হয়।

- **আপনার সন্তানের PII-এ আশঙ্কাকৃত অনুপ্রবেশ ও এর অননুমোদিত প্রকাশ নিয়ে NYCPS এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এ একটি অভিযোগ দায়ের করার অধিকার।**

  আপনি যদি NYCPS-এ একটি অভিযোগ দায়ের করেন, তবে আমরা সেটা পাওয়ার 60 দিনের মধ্যে আপনাকে একটি জবাব দেবো। আমাদের যদি জবাব দেয়ার জন্য 60 দিনের বেশি সময় প্রয়োজন হয়, তবে আমরা আপনাকে একটি ব্যাখ্যা এবং একটি জবাব দেয়ার আনুমানিক সময় জানিয়ে দেবো।

  NYCPS-এ যেখানে অভিযোগ জানানো যেতে পারে:

  Chief Privacy Officer
  New York City Department of Education
  52 Chambers Street, Room 308
  New York, NY 10007
  অথবা এই ঠিকানায় ইমেইল করে: Studentprivacy@schools.nyc.gov

  নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এ যেখানে অভিযোগ জানানো যেতে পারে:

  Chief Privacy Officer
  New York State Education Department
  89 Washington Avenue
  Albany, NY 12234
  অথবা এই ঠিকানায় ইমেইল করে: privacy@nysed.gov

- **আপনি যদি বিশ্বাস করেন NYCPS ব্যর্থ হয়েছে FERPA মেনে চলতে, তাহলে ইউনাইটেড স্টেটস্ ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এ একটি অভিযোগ দায়ের করার অধিকার।** US DOE-তে যেখানে অভিযোগ জানানো যেতে পারে:

  Student Privacy Policy Office
  U.S. Department of Education
  400 Maryland Avenue SW
  Washington, DC 20202-8520
  অথবা এই ঠিকানায় ইমেইল করে: FERPA.Complaints@ed.gov

- **বার্ষিক ভিত্তিতে আপনার অধিকারসমূহ সম্পর্কে অবহিত হওয়ার অধিকার।**

তদুপরি, NYCPS এসবের প্রতিজ্ঞা করে:

- আপনার সন্তানের তথ্য শুধু প্রয়োজন অনুযায়ী এবং শুধু শিক্ষাগত উদ্দেশ্যে অথবা আইন দ্বারা যেভাবে অনুমতি দেয়া আছে সেভাবেই সংগ্রহ ও প্রকাশ করা।
- শিক্ষার্থীর তথ্যের প্রতিটি ব্যবহার ও প্রকাশ NYCPS ও শিক্ষার্থীদের উপকার করে সেটা নিশ্চিত করা।
- PII সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং স্থানান্তর ন্যূনতম মাত্রায় নামিয়ে আনা।
- আপনার তথ্য যেসব NYCPS স্টাফের দেখান সুযোগ আছে, তাদেরকে বার্ষিক প্রশিক্ষণ প্রদান করা।
- বাইরের যেসব পক্ষ আপনার সন্তানের PII লাভ করে, তাদের সাথে NYCPS-এর লিখিত চুক্তিবদ্ধ হওয়া। বাইরের পক্ষসমূহ কীভাবে আপনার সন্তানের উপাত্ত গোপনীয় ও সুরক্ষিত রাখবে, চুক্তিটি তার রূপরেখা প্রদান করে।
- বাইরের যেসব পক্ষ NYCPS-এর কাছ থেকে শিক্ষার্থীর তথ্য লাভ করে, তাদের সাথে আমাদের চুক্তিগুলো সম্পর্কে সম্পূরক তথ্য পোস্ট করা। একটি বাইরের পক্ষ কী উপাত্ত সংগ্রহ করছে, তাদের উপাত্ত সংগ্রহের কারণ, এবং তারা উপাত্ত সুরক্ষার কেমন পরিকল্পনা করছে, সেসব তথ্যের জন্য দেখুন: https://www.schools.nyc.gov/about-us/policies/data-privacy-and-security-policies/supplemental-information-for-parents-about-doe-agreements-with-outside-entities.
- প্রয়োজনীয়তা শেষ হলে আপনার সন্তানের তথ্যের কপি রক্ষণাবেক্ষণ না করা।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট শিক্ষার্থীর যে উপাত্ত সংগ্রহ করে তার সবগুলোর একটি **পূর্ণ তালিকা আপনি খুঁজে পাবেন** https://www.nysed.gov/data-privacy-security/student-data-inventory-এ।